

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
৬, ফিনিক্স রোড, মুন্সুরিয়া
ঢাকা-১০০০।
www.police.gov.bd



নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ট্রেইনি রিকুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগ পরীক্ষা, সেন্টেম্বর ২০২১ এর নির্বাচন পঞ্জতির সাতটি ধাপের প্রথম ধাপ (প্রিলিমিনারি প্রিনিং) সম্পন্ন হয়েছে। এ ধাপে যোগ্য এবং অযোগ্য প্রার্থীদের টেলিটেক বাংলাদেশ লিমিটেড হতে এসএমএস এর মাধ্যমে অবহিত করা হয়েছে। যোগ্য প্রার্থীদের user ID এবং password ব্যবহার করে <http://police.teletalk.com.bd> এ log in করে দুই কপি অ্যাভিট কার্ড প্রিন্ট করে বিজ্ঞাপনে উল্লিখিত সময়ে সংশ্লিষ্ট জেলা পুলিশ লাইনস মাঠে পরবর্তী ধাপ শারীরিক মাপ ও Physical Endurance Test-এ অংশগ্রহণ করতে হবে।

অংশগ্রহণকারী প্রার্থীদের নিম্নবর্ণিত কাগজপত্র সাথে আনতে হবে,

১. **Admit Card:** Admit Card for Physical Endurance Test-এর ডাউনলোডকৃত প্রিন্ট কপি (০২ কপি);
২. **শিক্ষাগত যোগ্যতার সনদপত্র:** শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্রের মূল কপি (এসএসসি/সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ২.৫/সমমান হতে হবে);
৩. **চারিত্রিক সনদপত্র:** সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি;
৪. **নাগরিকত্বের সনদপত্র:** জেলার ছায়ী বাসিন্দা/জাতীয়তার প্রমাণপ্রমাণ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়ার/পৌরসভার মেয়ার/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) এর নিকট হতে ছায়ী নাগরিকত্বের সনদপত্রের মূল কপি;
৫. **জাতীয় পরিচয়পত্র:** প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের মূল কপি (যদি প্রার্থীর জাতীয় পরিচয়পত্র না থাকে তাহলে প্রার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি);
৬. **সম্মতিপত্র:** আইনানুগ অভিভাবক কর্তৃক প্রদত্ত সম্মতিপত্র;
৭. **ছবি:** সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত তিনি কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি; এবং
৮. **চালানের কপি:** পরীক্ষার ফি (অফেরতযোগ্য) ১০০/- (একশত) টাকা "১-২২১১-০০০০-২০৩১" নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমাপূর্বক চালানের মূল কপি।
৯. **কোটা সংক্রান্ত:** কোটার ক্ষেত্রে ক্রম ১ হতে ৮- এ বর্ণিত ভক্তমেন্টের সাথে নিম্নোক্ত কোটা সংশ্লিষ্ট ভক্তমেন্ট সাথে আনতে হবে-
 - > মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রমাণকস্তুপমুক্তিযোদ্ধার নাম লাল মুক্তিবার্তায় থাকলে লাল মুক্তিবার্তার সত্যায়িত অনুলিপি/মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকায় থাকলে ভারতীয় তালিকার সত্যায়িত অনুলিপি/মুক্তিযোদ্ধার নামে জারীকৃত গেজেটের মূল কপি;
 - > মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেটের নিকট সম্পাদিত এফিডেভিট অথবা বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট এবং প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও ঔরসজাত পুত্র/কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়ার/পৌরসভার মেয়ার/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি;
 - > কনস্টেবল হতে সর্বোচ্চ সাব-ইসপেক্টর/সার্জেন্ট/টিএসআই পদমর্যাদার পুলিশ কর্মকর্তার সন্তানগণের পুলিশ পোষ্য কোটার প্রাধিকার প্রাণ্ডির ক্ষেত্রে পিতা/মাতার নাম, পদবি (বিপি নম্বরসহ) উল্লেখপূর্বক কর্মরত জেলা/ইউনিট প্রধান কর্তৃক প্রত্যয়নপত্রের মূল কপি। যদি পুলিশ পোষ্য কোটার কোনো প্রার্থীর পিতা/মাতা অবসর/মৃত্যুবরণ করে থাকেন, তা হলে উক্ত প্রার্থীর পিতা/মাতার সর্বশেষ কর্মসূলের ইউনিট প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি। পুলিশ কর্মকর্তা/সদস্যের সন্তানের বয়স, উচ্চতা এবং বুকের মাপ প্রমার্জনের ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রেরিত পত্র;
 - > আনসার ও ভিডিপি কোটার প্রার্থীদের ক্ষেত্রে ৪২ (বিয়ালিশ) দিন মেয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণের সনদপত্রের মূল কপি(চূড়ান্ত নির্বাচনের পূর্বে অবশ্যই আনসার কোটার প্রার্থীদের সনদপত্র প্রশিক্ষণ গ্রহণ কেন্দ্র এবং জেলা আনসার কার্যালয় হতে যাচাই করতে হবে);
 - > এতিম কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারি এতিমখানা ও সরকারি নিবন্ধনপ্রাণ্ত এতিমখানার প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/প্রশংসাপত্র এর মূল কপি (প্রত্যয়নপত্র/প্রশংসাপত্রে প্রার্থী এতিম মর্মে ঘোষণা থাকতে হবে এবং প্রার্থীর পূর্বকালীন ছায়ী ঠিকানা ও এতিমখানা নিবন্ধের নিবন্ধনকৃত ব্যক্তিগত নম্বর উল্লেখ থাকতে হবে); এবং
 - > ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণকস্তুপ তাদের রাজা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রধান অথবা জেলা প্রশাসক/উপজেলা নির্বাচী অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি।
১০. এ ছাড়া সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

২৪২

২৬০১০.১৮.৮

মোহাম্মদ নাসিরুল ইসলাম, বিপিএম-সেবা

এআইজি (রিকুটমেট অ্যাভ ক্যারিয়ার প্ল্যানিং-২)

বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

ফোন ও ফ্যাক্স : ৫৫১০১৬৪০

ই-মেইল : aigr&cp2@police.gov.bd